একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
মুরাদনগর উপজেলা পরিষদ
কুমিল্লা

## মুরাদনগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মো. আবদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর ও প্রশাসক, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লা |
| তারিখ | : ৩০ জুন ২০২৫ |
| সময় | : সকাল ১১:০০ টা |
| সভার স্থান | : কবি নজরুল মিলনায়তন, মুরাদনগর, কুমিল্লা |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : পরিশিষ্ট ''ক'' |

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি কিংবা সংশোধনী না থাকায় তা সর্বসম্মত্রুমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিভাগ ভিত্তিক নিম্নবর্ণিত বিষয়াবলী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বহির্বিভাগে প্রতিদিন রোগীর চাপ বাড়ছে। সীমিত জনবল ও সামর্থের মধ্যেও আমরা সেবা দিয়ে যাচ্ছি। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অভ্যন্তরে যেন কোন প্রকার দালালের উৎপাত না থাকে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, বাংলাদেশ সরকার এবং জাইকার অর্থায়নে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) তহবিলের ষষ্ঠ রাউন্ডের (২০২১-২২ অর্থ বছর) বিশেষ বরাদ্দের আওতায় অনুমোদিত উপ প্রকল্প নং INF৬-২০২১-২২-২০১৯৮১-০৪ "বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নীচু বেঞ্চ) সরবরাহ" অবকাঠামো উপ-প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে উম্মুক্ত দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষর হয়। উপ প্রকল্পটির কাজ সম্পন্ন হয়েছে। সরবরাহকৃত আসবাবপত্রের (উচু নীচু বেঞ্চ) গুনগতমান সন্তোষজনক। সংশ্লিষ্ট ঠিকাদার প্রয়োজনীয় কাগজপত্রসহ পাওনা পরিশোধের আবেদন করেছেন। ঠিকাদারের বিল অনুমোদন এবং পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>ঠিকাদারের বিল অনুমোদন এবং পরিশোধের জন্য উপস্থাপতি উপ-প্রকল্পটি নিম্নরূপ;<br>নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম : তালুকদার প্লাস্টিক কোম্পানী লিঃ<br>প্রাক্কলিত মূল্য (টাকায়) : ৫১,২৫,৫০০/-<br>চুক্তিমূল্য (টাকায়) : ৪৬,৬৭,২১৯/-<br>মোট প্রাপ্য বিল : ৪৬,৬৭,২১৯/-<br>কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন ২০টি সড়কের Road Inventory তে বিদ্যমান দৈর্ঘ্য তে বাস্তবের সাথে অমিল পাওয়ায় তা | উপস্থাপিত উপ-প্রকল্পটির বিল অনুমোদন, অর্থ ছাড়করণের জন্য ইউজিডিপি প্রকল্প কার্যালয়ে প্রেরণ এবং অর্থ প্রাপ্তি সাপেক্ষে ঠিকাদারের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ, মুরাদনগর<br>উপজেলা প্রকৌশলী, মরাদনগর<br>ও<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সংশোধন এর জন্য তালিকা আকারে প্রস্তাব রাখা হয় (পরিশিষ্ট 'খ') | | |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, মুরাদনগর উপজেলায় ২০২৪-২০২৫ শাকসবজী ও তেল জাতীয়সহ সকল ফসল কর্তন চলমান আছে এবং ফলন অনেক ভাল। আবহাওয়া অনুকূলে থাকলে বোরো আরো ফলন ভাল হবে বলে আশা করা যায়। খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে আউশ ধান ১৫৪১, বোনা আমন ৬১৭৯, গ্রীস্মকালিন শাকসবজি ৮২৯ ও তিল ১৬৩ হেক্টর ফসল আবাদের চলমান আছে। মাঠে বিদ্যমান ফসলে বিভিন্ন প্রযুক্তি ব্যবহারে কৃষকদেরকে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ পরামর্শ দিয়ে যাচ্ছেন। | ১। কৃষকদের ফসল ফলনে আরো তদারকি বাড়াতে ইউনিয়ন পর্যায়ে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>(২) ভেকু দিয়ে মাটি কেটে ও ড্রেজার দিয়ে মাটি কেটে ফসলী জমির যেন কোন প্রকার ক্ষতি সাধন করতে না পারে এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ ইউপি সদস্য / সদস্যা / গ্রামপুলিশের মাধ্যমে তদারকি বৃদ্ধি রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানদের অলনুরোধ করা হয়।<br>(৩) ধান ফসল আবাদ অব্যাহতি রাখার জন্য যথাসময়ে সেচ কাজ পরিচালনায় প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, মুরাদনগর, কুমিল্লা |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, পবিত্র ঈদুল আযহায় কোরবানীর পর্যাপ্ত পশু ছিল। ফলে কোন ধরণের সংকট দেখা যায়নি।<br>এলডিডিপি প্রকপ্রকল্পের আওতায় ৫ টি পিজিতে ২০০ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়। | বিস্তারিত আলোচনার পর প্রাণিসম্পদ বিভাগের কাযক্রম আরো জোরদার করার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের ইউনিয়ন পর্যায়ে কাযক্রম তদারকি করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, মুরাদনগর, কুমিল্লা |
| ০৫ | মৎস্য বিভাগ | নবযোগদানকৃত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় সকলের সাথে পরিচিত হন এবং তার বিভাগের কার্যক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | নিয়মিত মৎস্য কর্মকর্তার যোগদানে উপজেলা নির্বাহী অফিসার সন্তোষ প্রকাশ করেন এবং আগামী দিনে মুরাদনগর উপজেলার মৎস্যখাতে উন্নয়নে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। | উপজেলা সি: মৎস্য কর্মকর্তা |
| ০৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এডিপি বাজেটের অন্তর্ভুক্ত করে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবার মান বৃদ্ধিকল্পে বরাদ্দ প্রদান করা। এর মধ্যে নবীপুর (পশ্চিম), চাপিতলা, জাহাপুর ইউনিয়ন পরিবার পরিকল্পনা ক্লিনিক এর সংস্কার ও মেরামত প্রয়োজন। এছাড়া ছালিয়াকান্দি, কামাল্লা ও রামচন্দ্রপুর দক্ষিণ ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের আশে পাশে বহিরাগত বখাটের উৎপাত বন্ধের আবেদন জানান। ইউপি চেয়ারম্যানদের মাসে অন্তত একবার স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শনের অনুরোধ জানান। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রস্তাব এর বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিকল্পনা কর্মকর্তা এবং চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| ০৭ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, মুরদনগর উপজেলার বিভিন্ন প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কিছু শিক্ষা উপকরণ বিতরণের পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে শীঘ্রই তা বিতরণ করা হবে। | শিক্ষার মানোন্নয়নে এবং শিক্ষার্থীদের মধ্যে পড়াশুনার প্রতি অধিকতর আগ্রহী ও উৎসাহ প্রদানের এ ধরণের উদ্যোগ অত্যন্ত প্রসংশনীয়। শিক্ষা প্রতিষ্ঠান তদারকি/পরিদর্শন বৃদ্ধি করতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার ইউপি চেয়ারম্যান (সকল) |

CamScanner

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মা সমাবেশ ও অভিভাবক সমাবেশ আয়োজনের পরামর্শ প্রদান করেন। | |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান এইচএসসি, এইচএসসি (ভোকেশনাল) ও আলিম পরীক্ষা গত ২৬/০৬/২০২৫ তারিখ থেকে শুরু হয়েছে। ইতোমধ্যে ০২ টি পরীক্ষা কোন ধরণের অপ্রীতিকর ঘটনা ব্যতিরেকে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। অবশিষ্ট পরীক্ষাগুলো সুষ্ঠু ও সুন্দর এবং নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | এবং আসন্ন এইচএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সংশ্লিষ্ট কেন্দ্রের প্রতিনিধি কর্মকর্তাবৃন্দ এবং চেয়ারম্যান (সকল) ইউপি মুরাদনগর, |
| ০৯ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা,বিধাব ভাতা, প্রতিবন্ধী ভাতাসহ নানাবিধ সামাজিক কর্মসূচী অব্যাহত রয়েছে। চলতি অর্থ বছরে বয়স্ক ভাতার সংখ্যা ১৭৩৮৯ জনকে বিধাব ভাতা ৫৬৪২ জনকে, প্রতিবন্ধী ভাতা ১০৩৯৯ জনকে,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ১৩১ জনকে, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ৯৬ জনকেসহ অন্যান্য ভাতা প্রদান করা হয়েছে। | কোন ভাতাভোগী ভাতার টাকা উত্তোলন করতে যেন হয়রানির স্বীকার না হয়, পিন কোড ও অন্যান্য তথ্যগুলো যেন কোন অসাধু ব্যক্তি না পায় সে বিষয়ে দৃষ্টি রাখতে উপজেলা সমাজসেবা অফিসারসহ সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার এবং চেয়ারম্যান (সকল) ইউপি মুরাদনগর, |
| ১০ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে সভায় অবহিত করেন। তিনি আরো জানান, অগ্নিকান্ডকেও প্রাকৃতিক দুর্যোগ হিসেবে বিবেচনা করা হয়। এ বিষয়ে তার বিভাগ এবং উপজেলা নির্বাহী অফিসার থেকে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ জানান। কোথাও কোন ধরণের অগ্নিকান্ডের ঘটনা ঘটলে তাৎক্ষনিকভাবে অবহিত করার অনুরোধ জানান। | অগ্নিকান্ড একটি প্রাকৃতিক দুর্যোগ। তাই কোথাও অগ্নিকান্ডের ঘটনা ঘটলে ইউপি চেয়ারম্যান ও মেম্বারগণের মাধ্যমে দ্রুত প্রশাসনকে জানানোর পরামর্শ প্রদান করা হয়। | পিআইও ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১১ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান ইতোমধ্যে প্রাপ্ত গভীর নলকূপসমূহের বসানোর কাজ সমাপ্ত হয়েছে। জনগণের আরো অনেক চাহিদা রয়েছে। চাহিদার প্রেক্ষিতে উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর নতুন বরাদ্দের জন্য চাহিদা পত্র প্রেরন করা হয়েছে। অফিসের অন্যান্য কাযক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | জনসংখ্যার তুলনায় টিউবওয়েল বরাদ্দ অপ্রতুল বিধায় আরো বরাদ্দ পাওয়ার জন্য জেলাপ্রশাসক মহোদয়ের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে যোগাযোগ রাখার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার এবং জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১২ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মুরাদনগর সভায় জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি এ উপজেলায় নতুন যোগদান করেছেন জানিয়ে তার বিভাগের কার্যক্রম বাস্তবায়নে তথা উপজেলার সার্বিক উন্নয়নে কার্যক্রম সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ের ক্ষেত্রে ১০০% লক্ষ্যমাত্রা অর্জনে আন্তরিকতার সাথে কাজ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৩ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (ভিডব্লিউবি) ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের মেয়াদ জুন-২৫ পর্যন্ত বৃদ্ধি করায় জুন ২৫ পর্যন্ত চেয়ারম্যানদের অনুকূলে ডিও ইস্যু করা হয়েছে এবং বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | ভিডব্লিউবি কর্মসূচি সুষ্ঠূভাবে বাস্তবায়ন ও বিতরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং ট্যাগ অফিসারগণকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান সকল |

CamScanner

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৪ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দীর্ঘদিন যাবত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার পদটি শূন্য থাকায় স্বাভাবিক কাজ কর্ম ব্যাহত হচ্ছে। জরুরী ভিত্তিতে যুব উন্নয়ন কর্মকর্তার পদটি পূরণ করা প্রয়োজন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বৃহৎ মুরাদনগর উপজেলায় জরুরী ভিত্তিতে একজন যুব উন্নয়ন কর্মকর্তা নিয়োগ/পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের ব্যবস্থা নিতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয় অফিসার |
| ১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | সমবায় বিভাগের কার্যক্রম তরান্বিত করার জন্য সমিতিসমূহ হাল নাগাদ রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবা অফিসার |
| ১৬ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তার বিভাগের কাযক্রম সম্পর্কে সভাকে জানান খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা ২০২৪ এর ৮.৩ নং অনুচ্ছেদ অনুযায়ী ডিলার পর পর ০২ (দুই) মাস নির্ধারিত তারিখের মধ্যে উপর্যুক্ত কারণ ব্যতীত খাদ্যশস্য উত্তোলন করতে ব্যর্থ হলে ডিলারশিপ বাতিল হয়ে যাবে। তিনি আরো জানান ৮নং চাপিতলা ইউনিয়নের খাদ্যবান্ধব ডিলার মুরাদ হাসান দেশের বাহিরে চলে যাওয়ায় গত ০২ (দুই) মাস পার্শ্ববর্তী ইউনিয়নের ডিলারকে দিয়ে খাদ্যশস্য উত্তোলন ও বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। উক্ত ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ০১ (একজন) নতুন ডিলার নিয়োগ করা প্রয়োজন। | সরকারের বিধি বিধান অনুসরনে ০৮ নং চাপিতলা ইউনিয়নে একজন নতুন খাদ্য বান্ধব ডিলার নিয়োগ করা সম্পন্ন করতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানান। | উপজেলা খাদ নিয়ন্ত্রক |
| ১৭ | সামাজিক বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বন বিভাগ মুরাদনগর, সভায় জানান যে তার বিভাগের কাজ কর্ম স্বাভাবিক রয়েছে। তিনি সভায় জানান, মরা নদী থেকে ৭ কিলোমিটার রাস্তা বৃক্ষ রোপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | এ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার বৃক্ষ রোপন এবং রোপন পরবর্তী সময়ে গাছের যত্ন ও পরিচর্যার বিষয়ে বিশেষ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করেন। | ফরেষ্টার, সামাজিব বন বিভাগ |
| ১৮ | বিদ্যুৎ বিভাগ | ডিজিএম/এজিএম পল্লী বিদ্যুৎ, বাংগরা/মুরাদনগর সভায় জানান যে, তাঁর বিভাগের কাযক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি সরকারী বিভিন্ন দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। বৈদুতিক খুটির/তারের উপর অবস্থিত বিভিন্ন গাছ কাটার সময় ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। | বকেয়া বিদ্যুৎ বিল দ্রুততম সময়ের মধ্যে পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br><br>চলমান এইচএসসি পরীক্ষা চলাকালীন নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও ডিজিএম/এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, মুরাদনগর / বাংগরা /কোম্পানীগঞ্জ কুমিল্লা |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মুরাদনগর, কুমিল্লা সভায় জানান যে, ২০২৪-২৫ থেকে ২০২৮-২৯ পর্যন্ত ৫ বছরে উন্নয়ন পরিকল্পনা :<br>সদস্য ভর্তি লক্ষ্যমাত্রা: ১১২৮৬,<br>সঞ্চয় জমা লক্ষ্যমাত্রা: ২৩৬৭,<br>ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা: ৩২৩৩৬,<br>ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা: ৩০৫০০ এবং<br>সুফল ভোগীর সংখ্যা : ৩৩০০০ জন | খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া সুফলভোগী যথাযথভাবে নির্বাচন করতে পল্লী সঞ্চয় ব্যাংকের ম্যানেজার, মাঠকর্মীসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | ব্যস্থাপক, পল্লী সঞ্চ ব্যাংক |

CamScanner

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | বিবিধ | ০১। অস্থায়ী পশুর হাট ২০২৫ ইজারার আনুষঙ্গিক ব্যয় বাবদ প্রদান ৪৪,৬৯৫/- টাকা, ভ্যাট বাবদ ৩৮৩১/- টাকা, আয়কার বাবদ ২৫৫৪/- টাকা, যার চেক নম্বর: ৭৬৩৫৩৪০-৪২ পর্যন্ত, তারিখ: 02/06/2025।<br>০২। জনাব গোলাম মোস্তফা (আনসার), নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লার মে, ২০২৫ মাসের চুক্তি মোতাবেক ১০,৫০০/- টাকা পদেয়। যার চেক নম্বর ৭৬৩৫৩৪৩, তারিখ: ০২/০৬/২০২৫<br>০৩। জনাব এরশাদ, বর্জ্য অপসারণ, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লার মে, ২০২৫ মাসের চুক্তি মোতাবেক ৬০০০/- টাকা প্রদেয়। যার চেক নম্বর ৭৬৩৫৩৪৪, তারিখ: ০২/০৬/২০২৫<br>04। জনাব সফিকুল ইসলাম, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লার মে, ২০২৫ মাসের দৈনিক ভাতা বাবদ ১৪,৩০০/- টাকা। চেক নম্বর ৭৬৩৫৩৪৫, তারিখ: ০৪/০৫/২০২৫<br>০৫। জনাব আবদুল মালেক, বাগান মালী, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লার মে, ২০২৫ মাসের দৈনিক ভাতা বাবদ ১৪,৩০০/- টাকা। চেক নম্বর ৭৬৩৫৩৪৬, তারিখ: ০৪/০৫/২০২৫<br>০৬। উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত সোলার লাইট (স্ট্রীট লাইট) এবং উপজেলা পরিষদে সিসি ক্যামেরা স্থাপন বাবদ মেসার্স আবদুছ ছামাদকে বিল প্রদান ৫,৭২,৫৫১/- টাকা, ভ্যাট বাবদ ১,১০,১০৬/- টাকা এবং আয়কার বাবদ ৫৬,০০০/- টাকা। যার চেক নম্বর: ৭৬৩৫৩৪৭-৪৯ পর্যন্ত, তারিখ: 02/06/2025।<br>০৭। ১৪৩১-১৪৩৪ পর্যন্ত বাংলাসনের জলমহাল ইজারা বিজ্ঞপ্তি বাবদ দৈনিক রূপসী বাংলাকে পরিশোধ ২১১১২/- টাকা, ভ্যাট বাবদ ৩৩৬০/- টাকা এবং আয়কর বাবদ ১২৮৮/- টাকা। যার চেক নম্বর: ৭৬৩৫৩৫০-৫২ পর্যন্ত, তারিখ: ০২/06/2025।<br>০৮। ১৪২৪-১৪২৬ পর্যন্ত বাংলাসনের জলমহাল ইজারা বিজ্ঞপ্তি বাবদ দৈনিক রূপসী বাংলাকে পরিশোধ ২৪৭৩২/- টাকা, ভ্যাট বাবদ ৩৯৩৬/- টাকা এবং আয়কর বাবদ ১৫০৮/- টাকা। যার চেক নম্বর: ৭৬৩৫৩৫৩-৫৫ পর্যন্ত, তারিখ: 02/06/2025।<br>০৯। জনাব লাকী আক্তার এর স্বামী 'মৃত আবুল হোসেন, পিতা মনু মিয়া, সাং ফুলঘর, ডাকঘর হায়দারাবাদ, মুরাদনগর, কুমিল্লা ০৫ আগস্ট ২০২৪ এর ছাত্র-জনতার সম্মুখ আন্দোলনে অংশগ্রহণকরে বুলেট দ্বারা আঘাত প্রাপ্ত হয়ে গত ০৫/০৮/২০২৪ তারিখে মৃত্যুবরণ করায় তাকে অনুদান প্রদান | আলোচ্য ব্যয়সমূহ জরুরি প্রয়োজনে এবং যুক্তিযুক্তভাবে পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, মুরাদনগর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর<br>৩। উপজেলা প্রকৌশলী, মুরাদনগর |

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বা |
|---|---|---|---|---|
| | | ১০,০০০/- টাকা, যার চেক নম্বর: ৭৬৩৫৩৫৬, তারিখ: ০২/০৬/২০২৫।<br>১০। ছালা উদ্দিন, পিতা মনিরুল ইসলাম, সাং পরমতলা, মুরাদনগর, কুমিল্লা এর ছেলে কাজী সাইফ ঘুড়ি উড়াতে গিয়ে ১৬নং ধামঘর ইউনিয়ন পরিষদের সানশেড পড়ে মৃত্যুবরণ করায় তার পরিবারের অনুকূলে অনুদান প্রদান ১০,০০০/- টাকা। যার চেক নম্বর: ৭৬৩৫৩৫৬, তারিখ: ০২/০৬/২০২৫।<br>১১। উপজেলা পরিষদের আপ্যায়ন বাবদ মে, ২০২৫ মাসের মনিরকে প্রদান ২৫,৫০০/- টাকা, ভ্যাট ৩০০০/-টাকা আয়কর ১৫০০/- টাকা। চেক নম্বর যথাক্রমে ৭৬৩৫৩৫৮-৬০ পর্যন্ত। তারিখ:০২/০৬/২০২৫<br>১২। উপজেলা পরিষদের আনুষঙ্গিক বাবদ মে, ২০২৫ মাসের সুমন কে প্রদান ৪৩৭৫/- টাকা, ভ্যাট ৩৭৫/-টাকা আয়কর ২৫০/- টাকা। চেক নম্বর যথাক্রমে ৭৬৩৫৩৬১-৬৩ পর্যন্ত। তারিখ:০২/০৬/২০২৫<br>১৩। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মুরাদনগর, কুমিল্লা কর্তৃক বিভিন্ন সময় প্রকল্প বিজ্ঞপ্তি বাবদ দৈনিক রূপসী বাংলাকে বিল প্রদান ১৫৬২৪/- টাকা। যার চেক নম্বর: ৭৬৩৫৩৬৪, তারিখ: ০২/০৬/2025।<br>১৪। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মুরাদনগর, কুমিল্লা কর্তৃক বিভিন্ন সময় প্রকল্প বিজ্ঞপ্তি বাবদ দৈনিক রূপসী বাংলাকে বিল প্রদান ৭৮১২/- টাকা। যার চেক নম্বর: ৭৬৩৫৩৬৫, তারিখ: 02/06/2025।<br>১৫। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মুরাদনগর, কুমিল্লা কর্তৃক বিভিন্ন সময় প্রকল্প বিজ্ঞপ্তি বাবদ দৈনিক রূপসী বাংলাকে বিল প্রদান ৩৯০৬/- টাকা। যার চেক নম্বর: ৭৬৩৫৩৬৬, তারিখ: 02/06/2025।<br>১৬। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মুরাদনগর, কুমিল্লা কর্তৃক বিভিন্ন সময় প্রকল্প বিজ্ঞপ্তি বাবদ দৈনিক রূপসী বাংলাকে বিল প্রদান ৪৮৮৩/- টাকা। যার চেক নম্বর: ৭৬৩৫৩৬৭, তারিখ: 02/06/2025।<br>১৭। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মুরাদনগর, কুমিল্লা কর্তৃক বিভিন্ন সময় প্রকল্প বিজ্ঞপ্তি বাবদ দৈনিক সমকালকে বিল প্রদান ১০০৪৪/- টাকা। যার চেক নম্বর: ৭৬৩৫৩৬৮, তারিখ: ০২/০৬/২০২৫।<br>১৮। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মুরাদনগর, কুমিল্লা কর্তৃক বিভিন্ন সময় প্রকল্প বিজ্ঞপ্তি বাবদ দৈনিক কুমিল্লার কাগজকে বিল প্রদান ১৩০২০/- | | |

CamScanner

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ২৮। উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থবছরের বিদ্যুৎ বিল পরিশোধ ৫,৭০,০২৮/- টাকা, যার চেক নম্বর: ০২৫৪২৫১, তারিখ: ২৫/০৬/২০২৫<br>২৯। জনাব আবদুল মালেক, বাগান মালী, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লার জুন, ২০২৫ মাসের দৈনিক ভাতা বাবদ ১৪,৩০০/- টাকা। চেক নম্বর ০২৫৪২৫২, তারিখ: ৩০/০৬/২০২৫<br>৩০। জনাব সফিকুল ইসলাম, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লার জুন ২০২৫ মাসের দৈনিক ভাতা বাবদ ১৪,৩০০/- টাকা। চেক নম্বর ০২৫৪২৫৩, তারিখ: ৩০/০৬/২০২৫<br>৩১। জনাব এরশাদ, বর্জ্য অপসারণ, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লার জুন, ২০২৫ মাসের চুক্তি মোতাবেক ৬০০০/- টাকা প্রদেয়। চেক নম্বর ০২৫৪২৫৪, তারিখ: ৩০/০৬/২০২৫<br>৩২। জনাব গোলাম মোস্তফা (আনসার), নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লার জুন, ২০২৫ মাসের চুক্তি মোতাবেক ১০,৫০০/- টাকা পদেয়। চেক নম্বর ০২৫৪২৫৫, তারিখ: ৩০/০৬/২০২৫<br>৩৩। উপজেলা পরিষদের আনুষঙ্গিক বাবদ জুন ২০২৫ মাসের সুমন কে প্রদান ৪৩৭৫/- টাকা, ভ্যাট ৩৭৫/-টাকা আয়কর ২৫০/- টাকা। চেক নম্বর যথাক্রমে ০২৫৪২৫৬-৫৮ পর্যন্ত, তারিখ:৩০/০৬/২০২৫<br>৩৪। উপজেলা পরিষদের আপ্যায়ন বাবদ জুন ২০২৫ মাসের মনিরকে প্রদান ২৫,৫০০/- টাকা, ভ্যাট ৩০০০/-টাকা আয়কর ১৫০০/- টাকা। চেক নম্বর যথাক্রমে ০২৫৪২৫৯-৬১ পর্যন্ত, তারিখ:৩০/০৬/২০২৫<br>৩৫। উপজেলা পরিষদের সিএ জনাব ইকবাল এর সিপিএফ বাবদ ১৭০৫০/- টাকা, আবদুল করিম, ড্রাইভার এর ১৫৮৩০/- টাকা এবং মাহবুব আলম, অফিস সহায়ক এর ১২২১০/- টাকা ব্যাংকে জমা, যার চেক নম্বর: ০২৫৪২৬২-৬৪ পর্যন্ত, তারিখ: 30/06/2025।<br>৩৬। উপজেলা পরিষদ জীপ গাড়ির জ্বালানী বিল বাবদ মেসার্স ব্রাদার্স সিএনজি ফিলিং স্টেশনকে বিল প্রদান ১৮৯৮৪০/- টাকা, ভ্যাট বাবদ ৯৪৯২/- টাকা, যার চেক নম্বর: ০২৫৪২৬৫-৬৬ পর্যন্ত, তারিখ: 30/06/2025।<br>৩৭। মুরাদনগর উপজেলার ২২টি ইউনিয়ন পরিষদে মশা নিধনের ওষুধ সরবরাহ বাবদ আর এন কর্পোরেশনকে বিল প্রদান ১,৮৭,০০০/- টাকা, ভ্যাট বাবদ ২২,০০০/- টাকা এবং আয়কর বাবদ ১১০০০/- টাকা, যার চেক নম্বর: ০২৫৪২৬৭-৬৯ পর্যন্ত, তারিখ: ৩০/০৬/২০২৫। | | |

CS CamScanner

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৩৮। জনাব সিয়াত উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লা এর সেপ্টেম্বর অক্টোবর, ২০২৫ মাসের অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রদান ৩,০০০/- টাকা। যার চেক নম্বর: ০২৫৪২৭০, তারিখ: ৩০/০৬/২০২৫।<br>৩৯। জনাব মো. আবদুর রহমান, প্রশাসক, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লা এর ডিসেম্বর, ২০২৪ থেকে মে, ২০২৫ পর্যন্ত ০৬(ছয়) মাসের প্রশাসক হিসেবে অতিরিক্ত দায়িত্ব ভাতা বাবদ ৯০০০/- টাকা প্রদান। যার চেক নম্বর: ০২৫৪২৭১, তারিখ: 30/06/2025। | | |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো. আবদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর, কুমিল্লা
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
মুরাদনগর, কুমিল্লা

স্মারক নম্বর : ০৫.৪২.১৯৮১.০০০.০৬.০০৪.২২-১০৬৪ তারিখ : ১৬ আষাঢ়, ১৪৩২ / ৩০ জুন, ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল :

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
০৩. জেলাপ্রশাসক, কুমিল্লা
০৪. উপজেলা ............................................ কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা
০৫. উপজেলা আইসিটি কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা [ ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]
০৬. চেয়ারম্যান ........................................................ (সকল) ইউপি, মুরাদনগর, কুমিল্লা
০৭. জনাব ................................................... সদস্য।

মো. আবদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর, কুমিল্লা
ফোন:০২-৩৩৪৪০৮৯২০
email: unomuradnagar@gmail.com